



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
আইসিটি শাখা

জেলা ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মীর মোহাম্মদ মাহবুবুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	১৯-০৩-২০২৩ খ্রি
সভার সময়	দুপুর ১২.১৫
স্থান	শহিদ শামসুদ্দিন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে অনুরোধ জানানো হয়। কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ ও জবাবদিহিতার ভিত্তিতে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার অভিপ্রায়ে উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে নিম্নোক্ত বিবেচ্য বিষয়সমূহ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১. ই-নথি ব্যবহার বৃদ্ধি	জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথির ব্যবহার নিয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম বৃদ্ধি করতে করণীয় নিয়ে আলোচনা হয়।	ই-নথি কার্যক্রম বৃদ্ধি করতে প্রশিক্ষণ প্রদান এবং অফিস সমূহের ই-নথি কার্যক্রম নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত হয়।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ। ০৩. সহকারী কমিশনার (ভূমি) সকল, সিরাজগঞ্জ
০২. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতনতা	মন্ত্রিপরিষদ বিভাগের নীতিমালা অনুযায়ী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার বিষয়ে আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকারের উন্নয়ন কর্মকান্ডের প্রচার করার বিষয়ে আলোচনা হয়।	সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকারের উন্নয়ন কর্মকান্ডের প্রচার করার সিদ্ধান্ত হয়।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ

০৩. ওয়েব পোর্টাল হালনাগাদ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রেরিত ৫৬.৪২.০০০০.০১৩.৯৯.০০১.২১.২১ নং স্মারক অনুযায়ী এ জেলাধীন সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রেরিত উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী একটি কর্মপরিকল্পনা গৃহীত হয়।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
০৪. উপজেলা ইনোভেশন টিম	উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা করা এবং সভার কার্যবিবরণী স্ব-স্ব ইনোভেশন কর্নারে আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ
০৫. ইনোভেশন আইডিয়ার তালিকা ও বাস্তবায়ন	জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন আইডিয়ার তালিকা ও বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পর্যায়ে ইনোভেশন আইডিয়ার তালিকা ও বাস্তবায়ন হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) কে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ। ০২. সহকারী প্রোগ্রামার (সকল), সকল উপজেলা, সিরাজগঞ্জ

সভার আলোচ্যসূচীতে অন্য কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮০০.০২৩.৩৯.০০১.২০.৬০


তারিখ: ১৩ চৈত্র ১৪২৯

২৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সিরাজগঞ্জ
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
- ৫) মেডিকেল অফিসার (সিএস), ডেপুটি সিভিল সার্জনের শাখা, সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ

- ৬) সহকারী কমিশনার (ভূমি) সকল, সিরাজগঞ্জ
৭) সহকারী কমিশনার, সিরাজগঞ্জ
৮) ব্যবস্থাপক, বিটিসিএল, সিরাজগঞ্জ।
৯) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১০) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিরাজগঞ্জ।
১১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ
১২) সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস,
সিরাজগঞ্জ
১৩) জনাব,....., , সিরাজগঞ্জ।
১৪) অফিস , কপি।



মীর মোহাম্মদ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক